# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

সময়-২ ঘন্টা ৩০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে লক্ষ করো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ৭ টি প্রশ্নের উত্তর দাও।]*

**১.▶** আবাসন ক্ষেত্রে বিনিয়োগ ও ঋণদানের লক্ষ্যে 'মেঘনা ব্যাংক লি.' প্রতিষ্ঠিত। কেবল আবাসন ক্ষেত্রে জড়িত থেকে ব্যাংকটির প্রত্যাশিত অগ্রগতি হয়নি। ব্যবসায় সম্প্রসারণের মাধ্যমে লাভজনকভাবে ব্যাংকিং কার্যাবলি পরিচালনা করার লক্ষ্যে ব্যাংক কর্তৃপক্ষ জনসাধারণে নিকট হতে সঞ্চয় সংগ্রহের সিদ্ধান্ত গ্রহণ করেন।

ক. ব্যাংক কী? ১

খ. বিনিয়োগ ব্যাংক বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ব্যাংকটি প্রথম দিকে কোন ধরনের ব্যাংকিং কার্যক্রম শুরু করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সঞ্চয় সংগ্রহের ফলে 'মেঘনা ব্যাংক লি.' যে ব্যাংকিং ব্যবস্থায় প্রবেশ করেছে তার যথার্থতা নিরূপণ করো। ৪

**২.▶** পদ্মা ব্যাংকে ১,৫০,০০০ টাকা জমা দিতে গিয়ে সীমা জানতে পারল এ অর্থ থেকেই ব্যাংকটি অন্যদের ঋণদান করে। সীমার জমাকৃত অর্থ থেকে যদি পরবর্তীতে আরও দুইজনকে ঋণ দেয়া হয় তাহলে ব্যাংকের আমানতের পরিমাণ বৃদ্ধি পায়। ব্যাংকের SLR ২০%।

ক. বাণিজ্যিক ব্যাংকের আয়ের প্রধান উৎস কোনটি? ১

খ. ব্যাংককে ধার করা অর্থের ধারক বলা হয় কেন? ২

গ. সীমার অর্থের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণে পদ্মা ব্যাংক কোন কৌশল অবলম্বন করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সীমার অর্থ থেকে পদ্মা ব্যাংক কত টাকার আমানত সৃষ্টি করতে সমর্থ হবে? ব্যাখ্যা করো। ৪

**৩.▶** জনাব সেলিম একজন অবসরপ্রাপ্ত চাকরিজীবী। তিনি তার চাকরির অবসরের টাকা ভবিষ্যতের জন্য সঞ্চয় করতে চান। এজন্য তিনি তার নিকটস্থ সোনালী ব্যাংকের ম্যানজোরের সাথে পরামর্শ করলে তাকে এমন একটি হিসাব খুলতে বলেন যেখানে তিনি নির্দিষ্ট সময় শেষে দ্বিগুণ অর্থ পাবেন। যা জনাব সেলিমের জন্য উপযুক্ত তথা লাভজনক।

Teachingbd24.com


ক. ব্যাংক হিসাব কী? ১

খ. চলতি হিসাবের বিপরীতে ব্যাংক সুদ প্রদান করে না কেন? ২

গ. ম্যানেজার জনাব সেলিমকে কোন হিসাব খোলার পরামর্শ দিয়েছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব সেলিমের জন্য উক্ত হিসাব খোলার যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

৪. ▶




ক. হুকুম চেক কী? ১

খ. ব্যাংক নোট বলতে কী বোঝ? ২

গ. প্রদর্শিত চিত্রটি কোন ধরনের চেক? ব্যাখ্যা করো। ৩

ঘ. এরূপ চেকের নিরাপত্তার বিষয়টি বিশ্লেষণ করো। ৪

৫. ▶ NPB ব্যাংক লিমিটেড একটি তালিকাভুক্ত ব্যাংক। কেন্দ্রীয় ব্যাংকের আইনগত নির্দেশনার কারণে ব্যাংকটিকে প্রতি বছর নিট মুনাফায় কমপক্ষে ১৫% সঞ্চিতি তহবিলে স্থানান্তর করতে হয়। মি. মুরাদের মত একজন শিক্ষিত বেকার যুবককে NPB ব্যাংক লিমিটেড মুরগির খামার করার জন্য ৫ লক্ষ টাকা ঋণ দিলেন এবং মিসেস আদিবা নামের একজন স্বল্প আয়ের চাকরিজীবীকে ফ্রিজ কেনার জন্য ৫০ হাজার টাকা ঋণ দিলেন। এরূপ বিভিন্ন খাতে ঋণ দিয়ে ব্যাংকটি ব্যাপক মুনাফা অর্জন করছে।

ক. ব্যাংক তহবিল কী? ১

খ. সব ঋণে জামানত বাধ্যতামূলক নয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটির সঞ্চিতির ধরন কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত ব্যাংকটির ব্যাপক মুনাফা অর্জনের ক্ষেত্রে বিভিন্ন খাতে ঋণ প্রদানের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪

Teachingbd24.com

৬.▶ মালিহা ও নিশিতা বসুন্ধরা সিটিতে কেনাকাটা করতে গেল। দুজনেই কোনো নগদ টাকা নিয়ে যায়নি। অথচ প্রচুর পরিমাণে কেনাকাটা ও খাওয়া-দাওয়া করল। তারা এক ধরনের কার্ড ব্যবহার করে কেনাকাটার মূল্য পরিশোধ করেছে। মালিহার ব্যাংক হিসাবে টাকা ছিল কিন্তু নিশিতার হিসাবে কোন টাকা ছিল না।

ক. ওয়ান স্টপ সার্ভিস কী? ১

খ. মোবাইল ব্যাংকিং বলতে কী বোঝায়? ২

গ. মালিহা কোন ধরনের কার্ড ব্যবহার করেছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. নিশিতার হিসাবে টাকা না থাকলেও সে কী কার্ড ব্যবহার করে কেনাকাটা করল? বিশ্লেষণ করো। ৪

৭.▶ জনাব শাহীন ও জনাব কালাম দু'জনই বৈদেশিক ব্যবসায়ের সাথে সম্পর্কযুক্ত। জনাব শাহীন ভোজ্য তেল আমদানিকারক এবং জনাব কালাম গার্মেন্টিস ব্যবসায়ী। ব্যাংক জনাব শাহীনের পক্ষে একধরনের পত্র ইস্যু করে না পাঠালে বিদেশি রপ্তানিকারক মাল পাঠায় না। এরূপ পত্র সংগ্রহের ঝামেলা এড়ানোর জন্য জনাব শাহীন এক বিশেষ ধরনের পত্র সংগ্রহ করেছেন। অন্যদিকে জনাব কালাম তার অনুকূলে ইস্যুকৃত বিদেশি আমদানিকারকের প্রেরিত পত্র ব্যাংকে বন্ধক রেখে তার বিপক্ষে প্রয়োজনীয় কাঁচামাল আমদানির জন্য নতুন পত্র সংগ্রহ করেন।

ক. ভাসমান মুদ্রা কী? ১

খ. বৈদেশিক মুদ্রার হার নির্ধারণে চাহিদা ও যোগান তত্ত্ব বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত জনাব শাহীনের প্রত্যয়পত্র কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত জনাব কালামের প্রত্যয়পত্র তার ব্যবসায়ের সাথে সামঞ্জস্যপূর্ণ- বক্তব্যটির যৌক্তিকতা ব্যাখ্যা করো। ৪

৮.▶ পাটের ব্যবসায়ী কবির সাহেব পাটের গুদাম বিমা করেছিল। পাটের পরিমাণ সঠিক উল্লেখ না করায় বিমা কোম্পানি তার চুক্তি বাতিল করেছে। অন্যদিকে জনাব তুহিন সাহেব দীর্ঘদিন একটি ভাড়া বাসায় থাকেন। তিনি নিজ নামে ভবনটির বিমা করতে চাইলে বিমা কোম্পানি তাকে অস্বীকৃতি জানায়।

ক. সমর্পণ মূল্য কী? ১

খ. বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কবির সাহেবের বিমা চুক্তি কোন কারণে বাতিল হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বিমা কোম্পানি কর্তৃক জনাব তুহিনের প্রস্তাবটি প্রত্যাখ্যানের কারণ কী? উত্তরের পক্ষে যথার্থ যুক্তি দাও। ৪

Teachingbd24.com

৯.▶ মি. আজাদ একজন ব্যবসায়ী। তার বয়স ৪০ বছর এবং তার স্ত্রীর বয়স ৩৭ বছর। পেশায় তিনি একজন বৈমানিক। মি. আজাদ নিজের ও তার স্ত্রী নামে ২০ বছর মেয়াদি ৩০ লক্ষ টাকার দুটি পৃথক মেয়াদি বিমাপত্র খুললেন। এ জন্য তাকে প্রিমিয়াম বাবদ প্রতি তিন মাসে দুইজনের যথাক্রমে ১৭,০০০ ও ২০,০০০ টাকা করে প্রদান করতে হয়।

ক. যৌথ জীবন বিমা কী? ১

খ. জীবন বিমায় মৃত্যুহার পঞ্জি ব্যবহার করা হয় কেন? ২

গ. মি. আজাদ কর্তৃক স্ত্রীর নামে বিমা চুক্তি সম্পাদনে বিমার কোন নীতি অনুসৃত হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বয়স কম হওয়ার পরও মি. আজাদের পলিসিতে প্রিমিয়ামের হার বেশি হওয়া কতটা যৌক্তিক? মতামত দাও। ৪

১০.▶ মি. হাসান চৌধুরী ২.৫০ লক্ষ টাকায় কেনা আসবাবপত্র ৩ লক্ষ টাকায় বিমা করেন। বিমা চুক্তিকে উল্লেখ রয়েছে ক্ষতি হলে বাজারমূল্য বিবেচনা করা হবে না। আগুন লেগে আসবাবপত্রের অর্ধেক অংশ বিনষ্ট হয়।

ক. ঘোষণাযুক্ত বিমাপত্র কী? ১

খ. অগ্নি বিমার নৈতিক ঝুঁকি বলতে কী বুঝ? ২

গ. মি. চৌধুরী কোন ধরনের অগ্নি বিমাপত্র সংগ্রহ করেছেন। ব্যাখ্যা করো। ৩

ঘ. বিমা কোম্পানি মি. চৌধুরীকে কত টাকা ক্ষতিপূরণ দেবে বলে তুমি মনে করো। ৪

১১.▶ একটি জাহাজে ২২ মার্চ ২০১৭ চট্টগ্রাম বন্দর ছেড়ে সিঙ্গাপুর বন্দরে যাবে বলে নৌ-বিমার চুক্তিপত্রে উল্লেখ ছিল। কিন্তু জাহাজ কোম্পানির গাফিলতির কারণে জাহাজটি ২৩ মার্চ যাত্রা শুরু করে। পরবর্তীতে জাহাজের ক্যাপ্টেন নিজের ইচ্ছানুসারে যাত্রাপথ পরিবর্তন করে। এক সময় সমুদ্রের গভীরে নিমজ্জিত পাহাড়ে ধাক্কা লেগে জাহাজটি ক্ষতিগ্রস্ত হয় এবং বিমা কোম্পানির নিকট বিমাদাবি পেশ করে।

ক. নৌ বিপদ কী? ১

খ. 'জেটিশন' বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত জাহাজটি কোন ধরনের নৌ বিমাপত্র গ্রহণ করেছিল? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত জাহাজটি ক্ষতিপূরণ পাবে বলে তুমি কী মনে করো? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

https://teachingbd24.com

# ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

## বহুনির্বাচনি প্রশ্ন

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

পূর্ণমান– ৩০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

**১. কোন ব্যাংক ঋণ আমানত সৃষ্টি করে?**

ক) গ্রামীণ ব্যাংক
খ) বিনিময় ব্যাংক
গ) সমবায় ব্যাংক
ঘ) বাণিজ্যিক ব্যাংক

**উদ্দীপকটি পড়ো এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও।**

জনাব ছলিম একজন নির্মাণ শ্রমিক। দৈনন্দিন যা আয় হয় তার পুরোটা খরচ না করে তিনি কিছু কিছু জমা করেন। এখন তিনি সঞ্চিত অর্থ নিরপদে সংরক্ষণের কথা ভাবছেন।

**২. জনাব ছলিম কোন ধরনের ব্যাংকে অর্থ সংরক্ষণ করতে পারবেন?**

ক) কেন্দ্রীয় খ) সমবায়
গ) বিনিময় ঘ) বাণিজ্যিক

**৩. জনাব ছলিমের জন্য কোন ধরনের হিসাব প্রযোজ্য?**

ক) চলতি খ) সঞ্চয়ী
গ) স্থায়ী ঘ) বিশেষ

**৪. সবচেয়ে কম পরিমাণ অর্থ দিয়ে কোন হিসাব খোলা হয়?**

ক) স্থায়ী খ) চলতি
গ) সঞ্চয়ী ঘ) বিশেষ চলতি

**৫. একজন ছাত্রের জন্য কোন হিসাব প্রয়োজন?**

ক) চলতি খ) সঞ্চয়ী
গ) স্থায়ী ঘ) বিশেষ হিসাব

**৬. হস্তান্তর অযোগ্য ঋণের দলিল কোনটি?**

ক) পে-অর্ডার খ) চেক
গ) বিনিময় বিল ঘ) ব্যাংক ড্রাফট

**৭. ৫ টাকার নোটে কার স্বাক্ষর থাকে?**

ক) গভর্নর খ) অর্থ সচিব
গ) অর্থমন্ত্রী ঘ) প্রধানমন্ত্রী

**৮. বিনিময় বিলে প্রধানত পক্ষ থাকে—**

i. আদেষ্টা
ii. আদিষ্ট
iii. প্রাপক

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৯. চেকের প্রস্তুতকারীকে কী বলা হয়?**

ক) আদেষ্টা খ) আদিষ্ট
গ) প্রাপক ঘ) প্রকৃত ধারক

**১০. ব্যাংকের দায় নিচের কোনটি?**

ক) গৃহীত আমানত
খ) প্রদত্ত ঋণ
গ) বিনিয়োগকৃত তহবিল
ঘ) জমাতিরিক্ত ঋণ

**১১. ব্যাংকের অগ্রিম হলো—**

i. নগদ ঋণ
ii. সাধারণ ঋণ
iii. জমাতিরিক্ত ঋণ

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১২. ক্রয় ক্ষমতা সমতা তত্ত্ব-এর জনক কে?**

ক) অধ্যাপক মার্শাল
খ) হেনরি ফেয়ল
গ) এফ ডব্লিউ টেলর
ঘ) গুস্তাভ ক্যাসেল

**১৩. প্রত্যয় পত্র-কে ইস্যু করে?**

ক) আমদানিকারক খ) রপ্তানিকারক
গ) ব্যাংক ঘ) প্রতিনিধি

**১৪. পণ্য দ্রব্য বাকিতে ক্রয় করা হয় কোন কার্ডের মাধ্যমে**

ক) ডেবিট কার্ড খ) ক্রেডিট কার্ড
গ) ক্যাশ কার্ড ঘ) এটিএম কার্ড

**উদ্দীপকটি পড়ো এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও।**

মি. আকাশ অনেক দিন যাবৎ একটি মেশিন ভাড়ায় ব্যবহার করে আসছেন। তিনি নিজ নামে উক্ত মেশিনের বিমা করতে চাইলে বিমা কোম্পানি তার প্রস্তাবে অস্বীকৃতি জানায়।

**১৫. মি. আকাশ কোন ধরনের বিমা করতে চেয়ে ছিলেন?**

ক) দায় খ) সম্পত্তি
গ) বেকার ঘ) অগ্নি

Teachingbd24.com

১৬. কী কারণে বিমা কোম্পানি প্রস্তাবটি প্রত্যাখ্যান করে?
(ক) চূড়ান্ত সদ্বিশ্বাসের অভাব
(খ) ঝুঁকির আধিক্য
(গ) বৈধ প্রতিদান
(ঘ) বিমাযোগ্য স্বার্থ

১৭. কোন ক্ষেত্রে দ্বৈত বিমা করা যায় না?
(ক) অগ্নি (খ) জীবন
(গ) নৌ (ঘ) শস্য

১৮. কোনটির মাধ্যমে বিমার উদ্ভব হয়েছে?
(ক) সাধারণ বিমা (খ) অগ্নিবিমা
(গ) নৌ-বিমা (ঘ) জীবন বিমা

১৯. জীবন বিমার দাবি উত্থাপনের জন্য প্রয়োজন—
i. পারিবারিক তথ্য
ii. বয়সের প্রমাণ
iii. মৃত্যু প্রমাণ পত্র
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০. জেটিসন ও লয়েডস শব্দ কোন বিমার সাথে জড়িত?
(ক) নৌ (খ) জীবন
(গ) অগ্নি (ঘ) শস্য

২১. কোনটি নৌ বিপদ—
(ক) গচ্ছা
(খ) বিশেষ খরচাবলি
(গ) পণ্য নিক্ষেপণ
(ঘ) উদ্ধার সংক্রান্ত খরচ

২২. কোন দেশে অগ্নি বিমার প্রচলন হয়?
(ক) ইতালি (খ) ফ্রান্স
(গ) যুক্তরাজ্য (ঘ) যুক্তরাষ্ট্র

২৩. অগ্নিজনিত ক্ষতির আরেক নাম কী?
(ক) অগ্নি বিপদ
(খ) অগ্নি অপচয়
(গ) অগ্নি দুর্ঘটনা
(ঘ) অগ্নি জনিত ঘটনা

২৪. ব্যক্তিগত দুর্ঘটনা বিমার প্রিমিয়াম নির্ধারণের বিবেচ্য বিষয় কোনটি?
(ক) ব্যক্তির পেশা
(খ) শিক্ষাগত যোগ্যতা
(গ) বয়স
(ঘ) সামাজিক মর্যাদা

২৫. তালিকা ভুক্ত ব্যাংক কয়টি?
(ক) ৫৬ (খ) ৫৭
(গ) ৫৮ (ঘ) ৫৯

২৬. নিচের কোনটি সরকারি ব্যাংক?
(ক) উত্তরা (খ) জনতা
(গ) পূবালী (ঘ) ন্যাশনাল

২৭. ব্যাংক অব বার্সিলোনা কত সালে প্রতিষ্ঠিত হয়?
(ক) ১১৫৭ (খ) ১১৭৮
(গ) ১৪০১ (ঘ) ১৮০০

২৮. গারনিশি অর্ডারের পরিসমাপ্তি ঘটে—
i. দশ বছর পূর্ণ হলে
ii. অর্থ আদায় হয়ে গেলে
iii. আদালতের আদেশ প্রত্যাহার হলে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৯. কেন্দ্রীয় ব্যাংকের কাজ কোনটি?
(ক) ঋণ নিয়ন্ত্রণ
(খ) আমানত গ্রহণ
(গ) মুনাফা অর্জন
(ঘ) ঋণ প্রদান

৩০. অর্থ সরবরাহের বিভিন্ন উপাদানের মধ্যে পড়ে—
i. ব্যাংক ঋণ
ii. বিহিত মুদ্রা
iii. বৈদেশিক মুদ্রা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | ঘ | ৩ | খ | ৪ | গ | ৫ | খ | ৬ | ক | ৭ | খ | ৮ | খ | ৯ | ক | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ঘ | ১৩ | গ | ১৪ | খ | ১৫ | ঘ |
| ১৬ | ঘ | ১৭ | খ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | ক | ২১ | গ | ২২ | গ | ২৩ | খ | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | খ | ২৭ | গ | ২৮ | গ | ২৯ | ক | ৩০ | গ |

Teachingbd24.com

https://teachingbd24.com